

(৫) তিনটি লুডোর ঘুঁটিকে একবার করে চাললে অন্তত একবার ৩ অথবা ৪ পড়বার সম্ভাব্যতা কত ?

সমাধান : ৩ অথবা ৪ না পড়ার বিকল্প ঘটনাগুলি হচ্ছে—

১ পড়া, ২ পড়া, ৫ পড়া, ৬ পড়া

অর্থাৎ প্রতিকূল বিকল্পের সংখ্যা হচ্ছে ৪

তাহলে, প্রথম ঘুঁটিতে ৩ অথবা ৪ না পড়ার সম্ভাব্যতা :  $\frac{৪}{৬} = \frac{২}{৩}$

দ্বিতীয় ,, ৩ ,, ৪ ,, ,, ,, :  $\frac{৪}{৬} = \frac{২}{৩}$

তৃতীয় ,, ৩ ,, ৪ ,, ,, ,, :  $\frac{৪}{৬} = \frac{২}{৩}$

∴ তিনটি ঘুঁটিতে ৩ অথবা ৪ না পড়ার সম্ভাব্যতা  $\frac{২}{৩} \times \frac{২}{৩} \times \frac{২}{৩} = \frac{৮}{২৭}$

∴ তিনটি ঘুঁটিতে অন্তত একবার ৩ অথবা ৪ পড়ার সম্ভাব্যতা  $১ - \frac{৮}{২৭} = \frac{১৯}{২৭}$